একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
sadar.lakshmipur.gov.bd

স্মারক নং-০৫.৪২.৫১৪৩.০০১.১৮.০০১.২১-২৩৯

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪২৭ বাংলা
০৮ মার্চ, ২০২১ খ্রি.

বিষয় : **১৪২৮ বাংলা সালের জন্য হাট-বাজার ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর সদর উপজেলাধীন নিম্নোক্ত হাট-বাজারসমূহ ১৪২৮ বাংলা সালের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র ফরম নোটিশ জারীর পর হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত নগদ নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্নবর্ণিত স্থানসমূহ হতে ক্রয় করা যাবে। যদি প্রথমবার গ্রহণযোগ্য দর না পাওয়া যায় দ্বিতীয় বার এবং দ্বিতীয়বার গ্রহণযোগ্য দর পাওয়া না গেলে তৃতীয় বার নির্ধারিত সময়ে পুনঃ দরপত্র গ্রহণ করা হবে। উল্লেখ্য দরপত্রের শর্তাবলী দরপত্র ফরম সংগ্রহের সময় অফিস হতে সরবরাহ করা হবে।

দরপত্রের সময় সূচী নিম্নরূপ:

তারিখ ও সময়	প্রাপ্তি স্থান	দরপত্র দাখিলের দিন/ স্থান
১৫/০৩/২০২১ হতে ২১/০৩/২০২১ পর্যন্ত (১ম বার) অফিস চলাকালীন সময় সকাল-৯টা হতে বিকাল-৫টা।	জেলা প্রশাসকের কার্যালয়, (উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা) লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, উপজেলা ভূমি অফিস, সদর, লক্ষ্মীপুর, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর থানা, সোনালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখা।	২২/০৩/২০২১খ্রি:, দুপুর-২.০০টা পর্যন্ত (পুলিশ সুপার এর কার্যালয়, লক্ষ্মীপুর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, লক্ষ্মীপুর ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সদর, লক্ষ্মীপুর) এর রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই তারিখ বিকাল ৩টার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দরপত্র বাক্স খোলা হবে।
২৩/০৩/২০২১ খ্রি. হতে ২৯/০৩/২০২১ খ্রি. পর্যন্ত (২য় বার) অফিস চলাকালীন সময় সকাল-৯টা হতে বিকাল-৫টা।	জেলা প্রশাসকের কার্যালয়, (উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা) লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, উপজেলা ভূমি অফিস, সদর, লক্ষ্মীপুর, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর থানা, সোনালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখা।	৩০/০৩/২০২১ খ্রিঃ, দুপুর-২.০০টা পর্যন্ত পুলিশ সুপার এর কার্যালয়, লক্ষ্মীপুর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, লক্ষ্মীপুর ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সদর, লক্ষ্মীপুর) এর রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই তারিখ বিকাল ৩টার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দরপত্র বাক্স খোলা হবে।
৩১/০৩/২০২১ খ্রি. হতে ০৬/০৪/২০২১ খ্রি. পর্যন্ত (৩য়বার) অফিস চলাকালীন সময় সকাল-৯টা হতে বিকাল-৫টা।	জেলা প্রশাসকের কার্যালয়, (উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা) লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, উপজেলা ভূমি অফিস, সদর, লক্ষ্মীপুর, ভারপ্রাপ্ত কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর থানা, সোনালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখা।	০৭/০৪/২০২১ খ্রি:, দুপুর-২.০০টা পর্যন্ত (পুলিশ সুপার এর কার্যালয়, লক্ষ্মীপুর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, লক্ষ্মীপুর ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সদর, লক্ষ্মীপুর) এর রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই তারিখ বিকাল ৩টার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দরপত্র বাক্স খোলা হবে।

চলমান পাতা-২

সংশোধিত

লক্ষ্মীপুর সদর উপজেলার ১৪২৮ বাংলা সনের ইজারাযোগ্য হাট-বাজারসমূহের নামের তালিকাঃ

ক্রঃ নং	হাট-বাজারের নাম	হাট-বাজারের অবস্থান	সিডিউলের মূল্য	১৪২৭ সনের ইজারা মূল্য	সরকারী মূল্য (গত তিন বছরের গড় ইজারামূল্য+৬%)
১	২	৩	৪	৬	৫
১.	কালীর বাজার	১নং উঃ হামছাদী ইউপি	১৪০০/-	৪৮১০০০	৩৬৬৬৭৯
২.	কাজীর দিঘীর পাড়	ঐ	১৪০০/-	৪০০০০০	৩০৬৫৫২
৩.	চৌধুরী বাজার (দঃ)	ঐ	৫০০/-	২২০০০ (খাস আদায়)	১৮৩০১
৪.	কাফিলাতলী বাজার	ঐ	১০০০/-	১৮২১০০	১৫২৪৬৯
৫.	মন্ডলতলী বাজার	ঐ	৫০০/-	৭৫৫০০	৫৭৬৫২
৬.	পালের হাট	২নং দঃহামছাদী ইউপি	১৪০০/-	৫২০০০০	৩২৫০৬৭
৭.	দালাল বাজার	৩নং দালাল বাজার ইউপি	৬৮০০/-	৪১৩০০০০	৩০৩৭২৫৩
৮.	মুন্সীর হাট	ঐ	৫০০/-	৬২০০০	৫৬৭১০
৯.	রসুলগঞ্জ বাজার	৪নং চররুহিতা ইউপি	১৬০০/-	৪৩৫০০০	৪৮২৮৩৭
১০.	নবীগঞ্জ বাজার	ঐ	৫০০/-	১৯৭৯০	২০২৪১
১১.	চররুহিতা বাজার	ঐ	১০০০/-	১৬০১০০	১৩৬১৪৫
১২.	ইসলামগঞ্জ বাজার	ঐ	৫০০/-	১৩৭৮০	৯১৭৯
১৩.	চৌধুরী কাছারী বাজার	৫নংপার্বতীনগর ইউপি	৫০০/-	১৪১০১	১৫৫১২
১৪.	বাংলা বাজার	ঐ	৫০০/-	৫৫০০	৫৩০০
১৫.	সোনাপুর পাটওয়ারী বাজার	ঐ	৫০০/-	২১১০২	১৭৪৭৩
১৬.	মিরিকপুর বাজার	ঐ	৫০০/-	৩৫৯০২	২০০২৬
১৭.	রাধাপুর মিত্রের হাট	৬নং ভাঙ্গাখা	৫০০/-	৩৩৫০০	৩৪৪১১
১৮.	পোদ্দার বাজার ৭নং বশিকপুর ইউপি	৭নং বশিকপুর ইউপি	১২০০/-	২০২০০০	২০৭২৩০
১৯.	বসিকপুর বাজার	ঐ	৫০০/-	৫৪০০০	৫৫৫০৯
২০.	নাগের হাট বাজার	ঐ	১৪০০/-	২৯০০০০	৩০৩৭২৫
২১.	মোল্লার হাট	৮নং দত্তপাড়া ইউপি	৫০০/-	৫০০০	৩৮৭৩
২২.	পালপাড়া বাজার	৯নং উঃজয়পুর ইউপি	৫০০/-	১৬৩৫০০	৮৩০৩৩
২৩.	চৌপলস্নী বাজার	ঐ	৫০০/-	১২০০০০	৬৬৯৫৭
২৪.	হানিফ মিয়াজীর হাট	ঐ	৫০০/-	৭১৫০৭	৫৯৭১৬
২৫.	চন্দ্রগঞ্জ বাজার	১০নং চন্দ্রগঞ্জ ইউপি	১১০০০/-	৪৩৯৫০০০	৫১৬৬৪৪০
২৬.	হাজিরপাড়া বাজার	১১নং হাজিরপাড়া ইউপি	২২০০/-	৬০১০০০	৭০০১৬৫
২৭.	চরচামিতা বাজার	ঐ	৫০০/-	১৫১৫১ (খাস আদায়)	১৩১৬৯
২৮.	দাসের হাট বাজার	১২নং চরশাহী ইউপি	৩৮০০/-	১৪৫৫০০০	১৫৫৩২৫৩
২৯.	জমিদার হাট	ঐ	৫০০/-	৭৮০০০	৪২৭৮৯
৩০.	বসুরহাট	ঐ	১০০০/-	২০০৫০০	১৪৯৮১৩
৩১.	দিঘলী বাজার	১৩নং দিঘলী ইউপি	১৪০০/-	৩৯১০০০	৩৫১৯২০
৩২.	মান্দারী বাজার	১৪নং মান্দারী ইউপি	৭৬০০/-	৪০০০৫০০	৩৪১৩৩৭৭
৩৩.	আমিন বাজার	ঐ	৫০০/-	৫৩৩০০	৫১৩১৫
৩৪.	বটতলী বাজার	ঐ	৫০০/-	৫১০০১	৫০৫৬৩
৩৫.	গন্ধব্যপুর ওয়াফদা বাজার	ঐ	৫০০/-	৩৬২৪০	৩২৯৩৮
৩৬.	চাঁদখালী যুগীর হাট বাজার	১৫ নং লাহারকান্দি ইউপি	১০০০/-	২৪১০০০	১৬৫৮৯০
৩৭.	কুমিদপুর বাজার	ঐ	১৬০০/-	৯৫০০০০	৪৬১৯৮৩
৩৮.	শাকচর জে এম হাট	১৬নং শাকচর ইউপি	৫০০/-	৩৪০০০	৩৬৬৬৪
৩৯.	হাজিরহাট বাজার	ঐ	৫০০/-	৪৬০০০	৪৭০২০
৪০.	ভবানীগঞ্জ বাজার	১৭নং ভবানীগঞ্জ ইউপি	১৬০০/-	৬৫৮০০০	৪৮৭২৪৭
৪১.	ভবানীগঞ্জ চৌরাস্তা	ঐ	৪০০০/-	৩৭১০০০০	১৬৬২৪৩৩
৪২.	চরউভূতি চক বাজার	ঐ	৫০০/-	৬১২৩০	৬০৫০১
৪৩.	মিয়ারবেড়ী হায়দরগঞ্জ	ঐ	১২০০/-	২৭৫২৫০	২১১৮৫৫
৪৪.	পিয়ারাপুর বাজার	ঐ	৫০০/-	৩০০০০	১৮৪৬২
৪৫.	কুশাখালী বাজার	১৮নং কুশাখালী ইউপি	৫০০/-	৭৭৫০০	৫১১৮০
৪৬.	ফরাশগঞ্জ বাজার	ঐ	৫০০/-	১৫৩৫০	১২২৭৮
৪৭.	পুকুরদিয়া বাজার	ঐ	৫০০/-	১১৯৫০০	৯৫২২৩
৪৮.	হাজীগঞ্জ বাজার	ঐ	৫০০/-	১০৮৫০	৭৭২০

সংশোধিত

ক্রঃ নং	হাট-বাজারের নাম	হাট-বাজারের অবস্থান	সিডিউলের মূল্য	১৪২৭ সনের ইজারা মূল্য	সরকারী মূল্য (গত তিন বছরের গড় ইজারামূল্য+৬%)
৪৯.	তেওয়ারীগঞ্জ পুরাতন বাজার	১৯নং তেওয়ারী গঞ্জ ইউপি	১০০০/-	২৪১০০০	১৯৭৩৩৭
৫০.	তেওয়ারীগঞ্জ নতুন বাজার	ঐ	৫০০/-	১৩৩০০০	৯৫৫৭৬
৫১.	ভবেরহাট বাজার	ঐ	৫০০/-	১৩১০০	১১৮৭২
৫২.	আনছারগঞ্জ বাজার	ঐ	৫০০/-	২৩০০০	২৩৬৭৩
৫৩.	মজুচৌধুরীর হাট	২০নং চররমনীমোহন ইউপি	৮০০০/-	৪৬১৫০০০	৩৬২৫৭৬২
৫৪.	চররমনী ভূঞার হাট	ঐ	১৪০০/-	৪৬৫০০০	৩৪৩৯৭০
৫৫.	চররমনী করাতির হাট	ঐ	১০০০/-	৯৬০০০	১২৫৮৯৩
৫৬.	টুমচর বাজার	২১নং টুমচর ইউপি	১০০০/-	১৫৩৮০০	১৫৬৪৫৬
৫৭.	সুফি বাহা উদ্দিন বাজার (ইলিগোজা)	ঐ	৫০০/-	২০০০১	২০০৮২
৫৮.	টুমচর জনতা বাজার	ঐ	৫০০/-	১৭১০০	২১৮৯৮
৫৯.	কালীর চর বাজার	ঐ	৫০০/-	৩৮০০০ (খাস আদায়)	৩২০৩৭

০৮/০৩/২০২১

(মোহাম্মদ মাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
ফোন: ০৩৮১-৬২৬১৪
ইমেইল: unolaxmipur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৫১৪৩.০০১.১৮.০০১.২১-২৩৯

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪২৭ বাংলা / ০৮ মার্চ, ২০২১ খ্রি.

বিতরণ: সদয় জ্ঞাতার্থে
১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
৩। সিভিল সার্জন, লক্ষ্মীপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
৫। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
৬। ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

০৮/০৩/২০২১

(মোহাম্মদ মাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

স্মারক নং-০৫.৪২.৫১৪৩.০০১.১৮.০০১.২১- ২৩১

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪২৭ বাংলা
০৮ মার্চ, ২০২১ খ্রি.

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য

১। মেয়র, লক্ষ্মীপুর পৌরসভা, লক্ষ্মীপুর।
২। সহকারী কমিশনার (ভূমি), সদর, লক্ষ্মীপুর।
৩। উপজেলা ------------------------কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
৪। অফিসার ইনচার্জ, লক্ষ্মীপুর সদর/ চন্দ্রগঞ্জ থানা।
৫। সাব-রেজিস্ট্রার, লক্ষ্মীপুর / চন্দ্রগঞ্জ, সদর, লক্ষ্মীপুর।
৬। পোষ্ট মাষ্টার, প্রধান ডাকঘর, লক্ষ্মীপুর।
৭। ম্যানেজার, সোনালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখা।
৮। চেয়ারম্যান ---------------------(ইউপি) সকল, সদর, লক্ষ্মীপুর।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, -----------------ইউনিয়ন ভূমি। লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর। ঢোল সহরতের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১০। সেক্রেটারী ---------------------ইউনিয়ন পরিষদ, সদর, লক্ষ্মীপুর।
১১। জনাব ----------------------------সাবেক ইজারাদার, -------------বাজার, সদর, লক্ষ্মীপুর।
১২। সম্পাদক, --।
বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় ৯.৫ইঞ্চি-৬.৫ইঞ্চি (দৈর্ঘ্য নয় দশমিক পাঁচ ইঞ্চি এবং প্রস্থ ছয় দশমিক পাঁচ ইঞ্চি) পরিসরে আগামী ১১/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে একবার মাত্র প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

০৮/০৩/২০২১

(মোহাম্মদ মাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

-:১৪২৮:- বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ-

১. বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ সনের ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রের উলিস্নখিত দরের ৩০% (শতকরা ত্রিশ টাকা) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা প্রতিনিয়ত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন না রাখিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পন করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্রের সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই এক সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশিস্নষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সবের্বাচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লিখিত করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।
ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানিয়ে দিবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১১. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১২. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩. কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫. হাট-বাজার ইজারার বকেয়া টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/০৩/২০২২

(মোহাম্মদ মাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

১৪২৮ বাংলা সনের হাট বাজার ইজারা সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা

এতদ্বারা লক্ষ্মীপুর সদর উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে অবস্থিত ক্যালেন্ডারভূক্ত হাট-বাজারসমূহ ১৪২৮ বাংলা সালের ইজারা প্রদানের জন্য দরপত্র বিজ্ঞপ্তি ইতিমধ্যে জারী করা হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর লক্ষ্মীপুর সদর থানা, সোনালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখা হতে আগামী ১৫.০৩.২০২১ তারিখ হতে নির্ধারিত মূল্যে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

যারা দরপত্রে অংশগ্রহণ করবেন এবং সর্বোচ্চ দরপত্র দাতাকে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী ইজারা প্রদান করা হবে। দরপত্র যাচাই কমিটি কর্তৃক অনুমোদিত/গৃহীত সর্বোচ্চ **দরদাতাকে দরপত্রে উল্লিখিত ইজারার সমুদয় টাকা ৭(সাত) দিনের মধ্যে সরকারী কোষাগারে জমা দিয়ে জমা রশিদ দাখিল করতে হবে।**

তাছাড়া, সরকারি বিধি মোতাবেক দরপত্রে উল্লিখিত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) বাবদ টাকা অবশ্যই একই সাথে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করতে হবে। অন্যথায় বাজার ইজারা বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পন্ন না হওয়া পর্যন্ত এবং বাজার না বুঝিয়ে দেয়া পর্যন্ত কেউ হাট-বাজারে কোন কার্যক্রম গ্রহণ করতে পারবে না, এর ব্যতয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে

২৪/০৩/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।